

BENGALI

PAPER-II

(LITERATURE)

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS

**Please read each of the following instructions carefully
before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI.

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in chronological order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

[P.T.O.]

SECTION—A

1. প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক। (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার উৎসসীমা ১২০) $10 \times 5 = 50$
- (a) চন্দন-তরু যব সৌরভ ছোড়ব
শশধর বরিথর আগি
চিন্তামণি যব নিজগুণ ছোড়ব
কি মোর করম অভাগি
- (b) প্রভজ্ঞনবৈরী তুমি ; প্রভজ্ঞন সম
ভীম পরাক্রমে । কহ, এ নিগড় তবে
পর তুমি কোনু পাপে ? অধম
ভালুকে শৃঙ্খলিয়া যাদুকর খেলে তারে লয়ে
কেশরীর রাজপদ কার সাধ্য বাঁধে
বীতৎসে ?
- (c) দেবতারে যাহা দিতে পারি দিই তাই
প্রিয়জনে—প্রিয়জনে যাহা দিতে পাই
তাই দিই দেবতারে ।
- (d) মনুষ্যে মনুষ্যে সমান । কিন্তু একথার এমত উদ্দেশ্য নহে, যে সকল অবস্থার সকল মনুষ্যই, সকল অবস্থার সকল
মনুষ্যের সমান । নেসর্গিক তারতম্য আছে ।
- (e) ধীরে ধীরে কত সহস্র থাম, নদী, প্রাণ্তর, পর্বত, সাগর, নগর, বনের উপর দিয়ে যুগ্যুগান্তর কাল সমস্ত গোল
পৃথিবীটি একাকিনী স্থিতি অশ্রুপূর্ণ ম্লান দৃষ্টিতে মৌনমুখে, শ্রান্তপদে প্রদক্ষিণ করে আসছে ।
2. (a) “বিদ্যাপতি সুখের কবি, চন্দ্রিদাস দুঃখের কবি । বিদ্যাপতি বিরহে কাতর হইয়া পড়েন, চন্দ্রিদাসের মিলনেও সুখ
নাই ।” বিদ্যাপতি ও চন্দ্রিদাসের রচিত পদের তুলনামূলক আলোচনা করে মন্তব্যের যাথার্থ্য বিচার করুন। 25
(b) ‘চৈতন্যচরিতামৃত’ গ্রন্থের মধ্যলীলার নবম পরিচ্ছেদ অবলম্বনে চৈতন্যদেবের দাক্ষিণাত্য ভ্রমণের বিবরণ দিন। 25
3. (a) ‘মেঘনাদবধ কাব্য’-এর নায়ক কে ? রাবণ না ইন্দ্রজিৎ ? তথ্য এবং যুক্তিসংহ আপনার মতামত দিন। 25
(b) মুরারি শীল ও ভাঁড়ু দন্ত চরিত্র দুটি অবলম্বনে কবিকক্ষণ মুকুন্দের চরিত্রাঙ্কনে নেপুণোর পরিচয় দিন। 25
4. (a) “কোনো কোনো সমালোচক ‘কপালকুণ্ডা’-কে কাব্যধর্মী রোমাঞ্চ বলেছেন ।” প্রাসাদিক তথ্য দিয়ে এই মন্তব্য
সমর্থন বা খণ্ডন করুন। 25
(b) ‘বঙ্গদেশের কৃষক’ প্রবন্ধ অবলম্বনে জমিদারি প্রথা সম্পর্কে বক্ষিমচন্দ্রের মতামত ব্যক্ত করুন। 25

SECTION—B

5. প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক। (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার উৎসসীমা ১২০) $10 \times 5 = 50$

- (a) বীর আমার নীলকঠ পাখির পালক এই পরিয়ে দিলুম তোমার চৃড়ায়। তোমার জয়বাত্রা আজ হতে শুরু হয়েছে।
- (b) মানুষের চিন্ত নিয়ে সারাবেলা
মহাকাল করিতেহে দৃতখেলা
বাঁ হাতে দক্ষিণ হাতে যেন—
কিন্তু কেন ?
- (c) সরস্বতীকে কিঞ্চির গাঁটেনের শিক্ষায়তে পরিণত করবার জন্য শিক্ষা বাতিকগ্রন্থ হওয়া দরকার, আমি আজো
ততদূর হতে পারিনি।
- (d) সুচেতনা, এই পথে আলো ছেলে—এপথেই পথিবীর ক্রমমুক্তি হবে ;
সে অনেক শতাব্দীর মনীষীর কাজ
এ-বাতাস কি পরম সূর্যোকরোজ্জ্বল
প্রায় ততদূর ভালো মানবসমাজ।
- (e) আছে মুহূর্মান শোকের নিদ্রিয়তা। আছে একটি রাষ্ট্রীয় পরিবারের একজন ছাড়া অপর সকলের প্রতি অপরিসীম
সহানুভূতি—আছে সুপ্ত দেশান্তরোধের ধিকার।

6. (a) রবীন্দ্রনাথ বলেছেন “‘রামায়ণের গল্পের ধারার সঙ্গে ‘রক্তকরবী’-র একটা মিল আছে।’” এ বিষয়ে আপনার
বক্তব্য যুক্তিসহ লিখুন। 25
(b) ‘বঙ্গ সাহিত্যের নববৃগ্র’ প্রবন্ধটি অবলম্বনে তৎকালীন বাংলা সাহিত্য সম্বন্ধে প্রথম চৌধুরীর বক্তব্য লিখুন এবং
তার যাথার্থ্য বিচার করুন। 25

7. (a) আপনার পঠিত গল্পগুলি অবলম্বনে মাণিক বন্দ্যোপাধ্যায়ের সাহিত্য-জীবনের প্রথম দিকে রচিত গল্পের সঙ্গে
বিত্তীয় যুদ্ধোত্তরকালীন গল্পের তুলনামূলক আলোচনা করুন। 25
(b) জনৈক সমালোচক ‘এবং ইন্দ্রজিঁৎ’-কে একটি প্রথাবহির্ভূত বা প্রথাভঙ্গকারী আধুনিক প্রকরণের নাটক বলেছেন।
আপনি কি এই মূল্যায়ন সমর্থন করেন? যুক্তিসহ আপনার বক্তব্য উপস্থিত করুন। 25

8. (a) জীবনানন্দের কবিতায় ইন্দ্রিয়ঘনত্ব এবং চিত্রধর্মিতা আলোচনা করুন। 25
(b) ‘জাগরী’ উপন্যাসের চারজন কথকের মধ্যে একজন চলিত ভাষায় স্মৃতি-রোমচন করেছেন। তিনি কে?
উপন্যাসের মূল ভাববস্তু পরিস্ফুটনে এই পদ্ধতি কতখানি সাহায্য করেছে বলে আপনি মনে করেন? 25

★ ★ ★